গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৬৮.২৪.৪৯৪ তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩১

১৬ মে ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ৩২৭৮/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩২৭৮/২০২৪-এর ২০/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনের পূর্বানুমোদন ব্যতিরেকে চট্টগ্রাম জেলার দোহাজারী পৌরসভা কার্যালয়ের অধীনে 'কৃষক পাইকারি সবজি বাজার সকাল (স্টেশন রোড দোহাজারী)' নামক নতুন হাট-বাজার প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত পৌরসভা কার্যালয়ের গত ২৯/০২/২০২৪ খ্রি. তারিখের দোহাঃ/পৌরঃ/চন্দঃ/২০২৪/ সংখ্যক স্মারকে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ফলে পিটিশনার জনাব মোহাম্মদ আবু ইউসুফ সংক্ষুব্ধ হয়ে রুজুকৃত রিট পিটিশন নং ৩২৭৮/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত দরপত্র বিজ্ঞপ্তির কার্যকারিতা ০৬(ছয়) মাসের জন্য স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে ২নং এবং মেয়র, দোহাজারী পৌরসভা, চন্দনাইশ, চট্টগ্রাম-কে ৭নং প্রতিপক্ষসহ মোট সাত জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩২৭৮/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে................পাতা। (8978/potrojariAttachmentRef/54323/0/2240)

১৬-৫-২০২৪

পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)
সলিসিটর অনুবিভাগ
আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৬৮.২৪.৪৯৪/১(৭) তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩১

১৬ মে ২০২৪


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
২) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন -২, স্থানীয় সরকার বিভাগ
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৭) ব্যক্তিগত কর্মকর্তা, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৬-৫-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)